

Times Today BD

মীর খায়রুল আলম | দেশজুড়ে | 12 July, 2025

সাতক্ষীরার দেবহাটায় দুধ্ধ ঘাটতি সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পে চেক বিতরণ অনুষ্ঠানে সাতক্ষীরা জেলা প্রশাসক মোস্তাক আহমেদ বলেছেন, নিজের ভাগ্য পরিবর্তন করতে হলে নিজেকে কাজ করতে হবে। কেউ কারোর ভাগ্য পরিবর্তন করে দিতে পারে না যতক্ষণ না সে নিজে চেষ্টা করে। এ জন্য নিজেকে সং হতে হবে। এক একটি পরিবার যদি অর্থনৈতিক ভাবে পরিবর্তন হয়ে যায় তাহলে ওই গ্রাম বদলে যাবে। এভাবে এতদিন দেশ পরিবর্তন সম্ভব। আজ অনেকে চেষ্টার মাধ্যমে নিজের ভাগ্য পরিবর্তন করে বহু টাকার মালিক হয়েছেন। আবার অনেকে চেষ্টা না করে ধন সম্পদ হারিয়েছেন। তাই সরকার ক্ষুদ্র ঋণ দিয়ে আপনাদের ভাগ্য পরিবর্তনের সুযোগ দিয়েছে। এখন সিদ্ধান্ত আপনার। সরকারের পক্ষে তো সব মানুষকে এই সুযোগের আওতায় আনা সম্ভব না। তবে আমি মনে করি এই ছোট উদ্যোগের মাধ্যমে দেবহাটা উপজেলাকে এগিয়ে নেওয়া সম্ভব।

গত শুক্রবার (১১ জুলাই) উপজেলা সমবায় কার্যালয়ের আয়োজনে দুধ্ধ ঘাটতি উপজেলায় দুধ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প" এর আওতায় চেক বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে দেবহাটা উপজেলা নির্বাহী অফিসার মো. আসাদুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সাতক্ষীরা জেলা প্রশাসক মোস্তাক আহমেদ। বিশেষ অতিথি ছিলেন জেলা সমবায় অফিসার এফ এম সেলিম আখতার।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পারুলিয়া ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক বাবু,

উপজেলা সমবায় অফিসার মনোজিত মন্ডল, উপজেলা একাডেমিক সুপারভাইজার মিজানুর

রহমান, সখিপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শেখ তহিরুজ্জামান সহ বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গ ও উপকারভোগীরা।

এসময় প্রকল্পের আওতায় গঠিত পারুলিয়া দুগ্ধ সমবায় সমিতি লি. ও সখিপুর দুগ্ধ সমবায় সমিতি লি. এর মোট ১শত জন সদস্যের মাঝে ১লাখ ৬০ হাজার টাকার চেক প্রদান করা হয়। পরে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের গরীব মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ স্কুল ব্যাগ, কলম, খাতা, জ্যামিতি বক্স, কাঠ পেনসিল, ছাতা সহ বিভিন্ন সামগ্রী প্রদান করা হয়। এছাড়া গরীব ও অসহায় পরিবারে আয়বর্ধক উপকরণ প্যাডেল ভ্যান প্রদান করা হয়।

মোস্তাক আহমেদ সাতক্ষীরা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:10

URL: <https://timestodaybd.com/public/across-the-country/5264164591>